

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
শ্রীনগর উপজেলা কার্যালয়, মুন্সিগঞ্জ

স্মারক নং ৩২.০২.৫৯৮৪.০০০.৩৩.০০১.২২.১৩

তারিখ : ২৯ সেপ্টেম্বর ২০২৫ খ্রি.

ভর্তি বিজ্ঞপ্তি

বিষয়: জাতীয় মহিলা সংস্থা, শ্রীনগর উপজেলা কার্যালয়ে মহিলাদের সেলাই প্রশিক্ষণ ৬৯ তম ব্যাচে (নভেম্বর ২০২৫ - ফেব্রুয়ারি ২০২৬) ভর্তি প্রসঙ্গে।

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় মহিলা সংস্থা, শ্রীনগর উপজেলা কার্যালয়ে মহিলাদের সেলাই প্রশিক্ষণ ৬৯ তম ব্যাচ (নভেম্বর ২০২৫ - ফেব্রুয়ারি ২০২৬) এর ভর্তি কার্যক্রম ৩০/০৯/২০২৫ খ্রি: তারিখ থেকে আরম্ভ হতে যাচ্ছে। উক্ত সেলাই প্রশিক্ষণে (৬৯ তম ব্যাচ) ভর্তি হতে আগ্রহী শ্রীনগর উপজেলার স্থায়ী বসবাসকারী দুস্থ, অসহায় ও বেকার শিক্ষিত মহিলাগণকে অত্র কার্যালয় হতে ফরম সংগ্রহ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে (অফিস চলাকালীন সময়: সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা)।

কোর্সের নাম : সেলাই প্রশিক্ষণ।

কোর্সের মেয়াদ : ০৪ (চার) মাস (নভেম্বর ২০২৫ - ফেব্রুয়ারি ২০২৬ খ্রি: পর্যন্ত)।

আসন সংখ্যা : ৩০ (ত্রিশ) টি।

প্রয়োজনীয় কাগজপত্রাদি : ক) সদ্য তোলা পাসপোর্ট সাইজ ০২ (দুই) কপি সত্যায়িত ছবি, খ) ভোটার আইডি কার্ড সত্যায়িত ০১ (এক) কপি গ) স্থানীয় ইউপি চেয়ারম্যান প্রদত্ত নাগরিকত্ব সনদ ০১ (এক) কপি, ঘ) শিক্ষাগত যোগ্যতার সনদপত্র সত্যায়িত ০১ (এক) কপি।


বয়স : ১৮ হতে ৪০ বছর।

শিক্ষাগত যোগ্যতা : ন্যূনতম ৮ম শ্রেণী পাস।

আবেদনপত্র জমা প্রদানের শেষ তারিখ : ২০/০১০/২০২৫ খ্রি: তারিখ অফিস চলাকালীন সময় (সকাল ৯.০০ টা - বিকাল ৫.০০ টা) পর্যন্ত এবং সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষা : ২৩/১০/২০২৫ খ্রি: তারিখ বৃহস্পতিবার সকাল ১১.০০ টায়।

উল্লেখ্য, ইতোপূর্বে যারা অত্র কার্যালয় থেকে প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।

বি:দ্র: দুস্থ, বিধবা, স্বামী পরিত্যক্তা ও অসহায় মহিলাদের অগ্রাধিকার দেয়া হবে এবং প্রশিক্ষণার্থীদের উপস্থিতির ভিত্তিতে দৈনিক ১০০/- (একশত) টাকা হারে ভাতা প্রদান করা হবে (মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে)।



মো: মহিন উদ্দিন

উপজেলা নির্বাহী অফিসার

ও

চেয়ারম্যান

জাতীয় মহিলা সংস্থা

শ্রীনগর, মুন্সীগঞ্জ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সহকারী কমিশনার (ভূমি), শ্রীনগর, মুন্সিগঞ্জ।
- ২। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, শ্রীনগর, মুন্সিগঞ্জ।
- ৩। উপজেলা কৃষি কর্মকর্তা, শ্রীনগর, মুন্সিগঞ্জ।
- ৪। উপজেলা মৎস্য কর্মকর্তা, শ্রীনগর, মুন্সিগঞ্জ।
- ৫। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), শ্রীনগর, মুন্সিগঞ্জ (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৬। উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, শ্রীনগর, মুন্সিগঞ্জ।
- ৭। উপজেলা সমবায় কর্মকর্তা, শ্রীনগর, মুন্সিগঞ্জ।
- ৮। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শ্রীনগর, মুন্সিগঞ্জ।
- ৯। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শ্রীনগর, মুন্সিগঞ্জ।
- ১০। তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, শ্রীনগর, মুন্সিগঞ্জ।

অনুলিপি:

১। নির্বাহী পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় মহিলা সংস্থা (নির্বাহী পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।